

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৩৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে সফরের কথা উল্লেখ করলাম, যখন কোন ব্যক্তি এমন দূরত্বে সফর করার ইচ্ছা করবে, তখন তার জন্য জায়েয আছে সালাত কসর করা, যখন সে তার শহরকে ছেড়ে যাবে- এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ النَّاويَّ سَفَرًا يَكُونُ نِهَآيَةً قَصْدِهِ مَا وَصَفْنَا لَهُ قَصْرُ الصَّلَاةِ إِذَا خَلَّفَ دُورَ الْبَلَدَةِ وَرَاءَهُ

আরবী

2734 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا غُنْدَرٌ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ يَحْيَى بْنِ يَزِيدَ الْهَنْأِيِّ قَالَ: سَأَلْتُ أَنَسَ بْنَ مَالِكٍ عَنْ قَصْرِ الصَّلَاةِ فَقَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا خَرَجَ مَسِيرَةَ ثَلَاثَةِ أَمْيَالٍ - أَوْ ثَلَاثَةِ فَرَاسِخَ؛ شُعْبَةُ الشَّاكُّ - صَلَّى رَكْعَتَيْنِ.

الراوي : أَنَسُ بْنُ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2734 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1084): م.

বাংলা

২৭৩৪. আনাস বিন মালিক রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন (মদীনা থেকে) তিন মাইল - অথবা ৯ মাইল, ইমাম শু'বা এরকম সন্দেহের ভিত্তিতে বর্ণনা করেছেন- বের হয়ে যেতেন, তখন তিনি দুই রাকা'আত সালাত আদায় করতেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬৯১; আবু দাউদ: ১২০১; মুসনাদ আহমাদ: ৩/১২৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৮৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92064>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন